ভোরের কাগজ

তারিখ ··· 02 DEC 1998 ··· ···
পৃষ্ঠা ২০ · কলাম ·· ৪ ······

# মাদ্রাসা শিক্ষকদের নতুন সংগঠনের আত্মপ্রকাশ

কাগজ প্রতিবেদক : এবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি মওলানা মান্নান ও তার সহযোগীদের অর্থ আত্মসাতের তদন্ত ও বিচার দাবি করেছে। একই সঙ্গে সমিতির ৭ দফা দাবি বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়েছে।

নবগঠিত এই সমিতির আত্মপ্রকাশ উপলক্ষে গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মাওলানা আবদুল কবির খান।

সংবাদ সম্মেলনে বলা হয়, এরশাদ সরকারের আমলে একটি মহল মাওলানা তর্কবাগীশের প্রতিষ্ঠিত মাদ্রাসা শিক্ষক সমিতিকে হাইজ্যাক করে জমিয়তুল মুদাররেসিন নামে সংগঠন গড়ে তোলে।

এর মাধ্যমে এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের দাবি-দাওয়া আদায়ের আশ্বাস দিয়ে তাদের কাছ থেকে কোটি কোটি টাকার চাঁদা নেওয়া হয়। চাঁদার টাকা দিয়েই ঐ মহল পত্রিকার মালিক হয়ে সুরম্য ভবন গড়েছেন। প্রকৃতপক্ষে ঐ সংগঠনে এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের কোনো প্রতিনিধি ছিল না।

সংবাদ সম্মেলনে মাওলানা কাজী জহিরুল ইসলামকে আহ্বায়ক করে ২১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়।

সংবাদ সম্মেলনে সমিতির ৭ দফা দাবি তুলে ধরা হয়। দাবির মধ্যে রয়েছে সকল এবতেদায়ী মাদ্রাসা শিক্ষককে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মতো বেতন-ভাতা প্রদান, এসব মাদ্রাসার ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা, প্রাথমিক বিদ্যালয়ের মতো এবতেদায়ী মাদ্রাসাকেও উন্নয়ন প্রকল্পের অন্তর্ভুক্ত করা ইত্যাদি।

সংবাদ সম্মেলনে আহ্বায়ক কমিটির যুগ্মআহ্বায়ক মাওলানা কাজী আবু দাউদ, সদস্য সচিব মাওলানা আবদুল কবির খানসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।